

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
 স্থানীয় সরকার বিভাগ
 [অইন-২ শাখা]
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
 শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৮.০৮৪১৮- ৩০৮

তারিখ : ২৪আষাঢ় ১৪২৫
 ২৬জুন ২০১৮


বিষয় : রিট পিটিশন নং-৬০০১/২০১৮ [পিটিশনার জনাব মোঃ ফজলে রাবী, পিতা- আজিজুর রহমান, থানা- চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৫/০৫/২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রিমকোর্ট, হাইকোর্ট বিভাগের ০৭/০৫/২০১৮ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন “রানীহাটি ইউনিয়ন পরিষদের কার্যালয়ের ৪নং ওয়ার্ডের বিশ্বরোড সংলগ্ন চৌধুরীর মোড়ে স্বাগতম গেট নির্মাণ” কাজের বিল পরিশোধ করার বিষয়ে জনাব মোঃ ফজলে রাবী পিটিশনার হয়ে হাইকোর্ট বিভাগে ৬০০১/২০১৮ নং রিট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করেন। এছাড়া বর্ণিত বিষয়ে পিটিশনারের গত ২৪/০৫/২০১৬, ২৪/০৮/২০১৭ এবং ০৮/০৮/২০১৮ তারিখের আবেদন আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য প্রতিপক্ষগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকার পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ইংরেজীতে (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দণ্ডের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৪ রংলের কপি-১(এক) ফর্দ।


 (মুহাম্মদ আনোয়ার পাশা)
 উপ-সচিব

ফোন: ৯৫৪০১৯৭
 ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
 চাঁপাইনবাবগঞ্জ।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ;
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রত্রিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি/মাষ্টার কপি।